



# বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন

পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২১-৮৫৯ (১০)

তারিখ : ০১/০৮/২০২১

## প্রেস রিলিজ

**অনুর্ধ্ব ৩০ বছর বয়সী যুবাদের অন্তর্ভুক্ত করার ব্যাপারে জোর দিয়ে  
বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থা ৩৭ তম বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হয়**

বিশ্বের সর্ববৃহৎ নারী সংগঠন বিশ্ব গার্ল গাইডস্ ও গার্ল স্কাউটস সংস্থা (ওয়াগ্‌স) ২০১০ সালে শতবর্ষ পূর্ণ করেছে। বিশ্বের ১৫২টি দেশের ১০ মিলিয়ন সদস্য নিয়ে নারী নেতৃত্ব বিকাশে এই সংস্থা নিরলস ভাবে কাজ করে যাচ্ছে। নারীকে দেখিয়ে যাচ্ছে সামনে এগিয়ে চলার গতিপথ এবং সর্বক্ষেত্রে নারীর বিচরণের ভূমিকায়ও ব্যাপক প্রশংসা রেখে কাজ কওে যাচ্ছে গার্ল গাইডস্। ২৭ হতে ৩১ জুলাই, ২০২১ পর্যন্ত ওয়াগ্‌স এর '৩৭ তম বিশ্ব সম্মেলন' অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে ভার্চুয়ালি অনুষ্ঠিত হয়। এবারের বিশ্ব সম্মেলনের থিম নেয়া হয়েছে 'ওয়াকিং টুগেদার, ওয়াকিং ফার'। ('Walking Together, Walking Far'.)

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশনের জাতীয় কমিশনার এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব কাজী জেবুন্নেছা বেগম হেড ডেলিগেট এবং অনুর্ধ্ব ৩০ বছর বয়সের তরুণী সদস্য জাতীয় রেঞ্জার কাউন্সিলের সেক্রেটারী তাহমিনা বিনতে সিরাজ ডেলিগেট হিসেবে এই সম্মেলনে অংশগ্রহণ করেন। এ ছাড়া অবজারভার হিসেবে সম্মেলনে অংশগ্রহণ করেন সাবিনা ফেরদৌস, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন), প্রফেসর ড. ইয়াসমিন আহমেদ, ডেপুটি জাতীয় কমিশনার (প্রোগ্রাম), জাহান আরা বেগম, কোষাধ্যক্ষ, অধ্যক্ষ রফিকা আফরোজ, সহযোগি কোষাধ্যক্ষ, সাহেদা হোসেন চৌধুরী, প্রশিক্ষণ কমিশনার, রওশন ইসলাম, আঞ্চলিক কমিশনার, রাজধানী অঞ্চল, মহসিনা আশরাফ, সদস্য, আন্তর্জাতিক সাব কমিটি, তানজিনা বিনতে মোশাররফ, জেনারেল সেক্রেটারি, মালেকা পারভীন, জাতীয় কমিশনারের ব্যক্তিগত কর্মকর্তা, মুনিরা হাবিবা, চেয়ারম্যান, জাতীয় রেঞ্জার কাউন্সিল। উল্লেখ্য এবারের বিশ্ব সম্মেলনে ওয়ার্ল্ড বোর্ড সদস্য পদে নির্বাচনের জন্য অনুর্ধ্ব ৩০ বছর বয়সের যুবানেত্রী ও প্রকল্প সাব কমিটির সদস্য এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ভূমি মন্ত্রণালয়ের সহকারি কমিশনার মাহনাজ হোসেন ফারিবাকে এসোসিয়েশন হতে মনোনয়ন প্রদান করা হয়। পাঁচদিন ব্যাপী অনুষ্ঠিত এই সম্মেলনে গুরুত্ব দেওয়া হয় যুব সমাজের নেতৃত্ব দানের সুযোগ সৃষ্টি এবং তাদের নেতৃত্ব বিকাশের ক্ষেত্রগুলোকে। ভিন্নতাকে স্বাগত জানিয়ে সকলের জন্য সমান সুযোগ প্রদানের প্রত্যয়ে সকলে প্রতিজ্ঞাবদ্ধ হয় এবং অনুর্ধ্ব ৩০ বছর বয়সী যুবাদের অন্তর্ভুক্ত করার ব্যাপারে জোর দেয়া হয়।



পরবর্তী বিশ্ব সম্মেলনের দেশ নির্বাচনের জন্য হাত তুলে ভোট প্রদর্শন করেন বাংলাদেশ টিম



যুব সমাজের নেতৃত্ব দানের সুযোগ সৃষ্টি এবং তাদের নেতৃত্ব বিকাশের ক্ষেত্রগুলোর ভিন্নতাকে স্বাগত জানিয়ে সকলের জন্য সমান সুযোগ প্রদানের প্রত্যয়ে প্রতিজ্ঞাবদ্ধ হয়ে অনূর্ধ্ব ৩০ বছর বয়সী যুবাদের অন্তর্ভুক্ত করার ব্যাপারে জোর দেয়া বাংলাদেশ টিম

## সাবিনা বেগম

জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা

গাইড হাউজ, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ, ফোন : ৪৮৩১৫৫০১, ই-মেইল : [bguidesho@gmail.com](mailto:bguidesho@gmail.com)